BSS NEWS
Online portal of Bangladesh Sangbad Sangstha

ICESCO delegation calls on DU VC

05 Oct 2025, 21:19 | BSS



Photo: Collected

DHAKA, Oct 5, 2025 (BSS) - Prof. Dr. Raheel Qamar, Chief of Sciences and Technologies Sector of Islamic World Educational, Scientific and Cultural Organization (ICESCO) today met Dhaka University (DU) Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan at the latter's office on the campus.

Prof Qamar was accompanied by Fahmida Faiza during the programme.

During the meeting, they discussed possibilities of joint collaborative academic and research programmes between DU and ICESCO. They also held fruitful discussion on establishment of 'ICESCO Chair' at DU.

Thanking the ICESCO delegation for the visit, Prof. Khan stressed the need for networking and partnership with renowned national and international organizations to develop academic and research activities.

He also expressed keen interest in undertaking joint collaborative academic and research programmes with DU.

ঢাবি উপাচার্যের সঙ্গে আইসেস্কো প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ https://banglabazarpatrika.net/education/1970-01-01/uzzrl1ajav

২১ আশ্বিন ১৪৩২ | সোমবার, ০৬ অক্টোবর ২০২৫ বঙ্গাব্দ

ই-পেপার (https://www.facebook.com/banglabazarpatrikabd)
(https://www.youtube.com/@bbpatrikabd) (https://www.twitter.com)
(https://www.instagram.com) (https://www.google.com)

শিরোনাম বিসিবি নির্বাচন আজ: নাটকীয়তা শেষে ভোটগ্রহণ শুরু (https://banglabazarpatrika.

ঢাবি উপাচার্যের সঙ্গে আইসেস্কো প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি
প্রকাশিত: ১০:২১ অপরাহ্ন, ০৫ অক্টোবর ২০২৫ | আপডেট: ১০:১৪ পূর্বাহ্ন, ০৬ অক্টোবর ২০২৫



ছবিঃ সংগৃহীত

ইসলামিক ওয়ার্ল্ড এডুকেশনাল, সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন (আইসেস্কো)-এর বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের প্রধান অধ্যাপক ড. রাহিল কামার আজ (রোববার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এ সময় আইসেস্কো'র পক্ষ থেকে ফাহমিদা ফাইজা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় ও আইসেস্কোর মধ্যে শিক্ষা ও গবেষণাক্ষেত্রে যৌথ সহযোগিতার সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বিশেষভাবে, বিশ্ববিদ্যালয়ে 'আইসেস্কো চেয়ার' প্রতিষ্ঠা এবং উদ্ভাবনী গবেষণা প্রকল্প বাস্তবায়নের বিষয়ে মতবিনিময় হয়।

আরও পড়ুন: নর্থ সাউথে কুরআন অবমাননার ঘটনায় ছাত্রশিবিরের তীব্র নিন্দা (https://banglabazarpatrika.net/education/2025-10-05/ullki6xvff)

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের খ্যাতনামা সংস্থার সঙ্গে অংশীদারিত্ব ও নেটওয়ার্কিং গড়ে তোলা অত্যন্ত জরুরি। তিনি আইসেস্কো প্রতিনিধিদলকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগমন এবং সহযোগিতার আগ্রহ প্রকাশের জন্য ধন্যবাদ জানান।

সভায় দুই প্রতিষ্ঠানের মধ্যে ভবিষ্যতে যৌথ উদ্যোগ, গবেষণা বিনিময় এবং একাডেমিক সহযোগিতার মাধ্যমে সম্পর্ক আরও জোরদার করার আশাবাদ ব্যক্ত করা হয়।

আরও পড়ুন: বিশ্ব শিক্ষক দিবসে শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা ও শিক্ষা সংস্কার কমিশন গঠনের আহ্বান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের (https://banglabazarpatrika.net/education/2025-10-05/4gew5czyjn)

The Daily Tribunal

Two separate committees working to prevent Sexual harassment, bullying & ragging in DU



STAFF CORRESPONDENT

In light of the decision of the Dhaka University Syndicate, two separate committees are working on the campus to prevent sexual harassment and to prevent bullying and ragging. The 'Investigation Committee for the Prevention of Sexual Harassment and Harassment' has been formed with Professor Dr Upma Kabir, Dean of the Faculty of Engineering and Technology, as the convener, and the 'Anti-Bullying and Ragging Committee' has been formed with Professor Dr Shahnaz Huda, Professor of the Law Department, as the convener. A letter has already been sent from the office of the Pro-Vice Chancellor (Administration) to all the Deans of all faculties, Principals of Halls, Wardens of Hostels, Chairmen of all Departments, Directors of Institutes and Proctors to regularly inform the conveners of the concerned committees about all the complaints related to sexual harassment and abuse and bullying and ragging.

The letter has directed to set up complaint boxes in all faculties, departments, institutes, halls, hostels and proctors' offices and to send the complaints received on a weekly basis to the conveners of the concerned committees.

In addition, it has been suggested to organize workshops on sexual harassment and abuse and bullying and ragging in every department and institute with teachers and students.

ক্যাম্পাস রিপোর্ট

অ্যাকশন এইড-ডিইউডিএস আন্তঃবিশ্ববিদ্যালয় জাতীয় বিতর্ক উৎসব

ঢাবি প্রতিনিধি।

প্রকাশ : ০৫ অক্টোবর ২০২৫, ১২:১৭



আন্তঃবিশ্ববিদ্যালয় জাতীয় বিতর্ক উৎসবে বিজয়ীদের সাথে অতিথীবৃন্দ। ছবি: ক্যাম্পাস রিপোর্ট।

দু'দিন ব্যাপী অ্যাকশনএইড-ডিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব গতকাল (৪ অক্টোবর ২০২৫) শনিবার শেষ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি জুবায়ের হোসেনের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে ডিইউডিএস-এর চিফ মডারেটর অধ্যাপক ড. এস এম শামীম রেজা,মডারেটর অধ্যাপক আমিরুল সালাত, অ্যাকশনএইড বাংলাদেশের ইয়ুথ অ্যান্ড জাস্ট সোসাইটির লীড নাজমুল আহসান এবং অ্যাকশনএইড বাংলাদেশের হেড অফ ফাইন্যান্স মো. রফিকুল ইসলাম এসিএ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডাকসু'র সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক মোসাদ্দেক আলী ইবনে মোহাম্মদ শুভেচ্ছা বক্তব্য দেন। ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সাধারণ সম্পাদক রাগীব আনজুম অনুষ্ঠান সঞ্চালন করেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থীদের নেগোসিয়েশন স্কিলস ও যোগাযোগ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিতর্ক চর্চার উপর গুরুত্বারোপ করেন। বিতর্ক উৎসবের বিভিন্ন পরামর্শ ও প্রস্তাবনা জাতীয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বিশ্ববিদ্যালয় পর্যায়ের ২৪টি দল এবং স্কুল-কলেজ পর্যায়ের ১৬টি দল বিতর্ক উৎসবে অংশ নেয়। বারোয়ারী বিতর্কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তাহমিদা মানিহা চ্যাম্পিয়ন হয়েছেন। বিশ্ববিদ্যালয় পর্যায়ের বিতর্কে জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির প্রতিনিধিদল চ্যাম্পিয়ন এবং রাজশাহী ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির প্রতিনিধিদল রানার-আপ হয়েছে। স্কুল-কলেজ পর্যায়ের বিতর্কে বিএএফ শাহীন কলেজ চ্যাম্পিয়ন এবং সরকারি বিজ্ঞান কলেজ রানার-আপ হয়েছে।